শেখ হাসিনার উদ্যোগ

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম
www.pbs3.chittagong.gov.bd

স্মারক নং-২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০৩৮.২২.৩১২৯

তারিখঃ ১২ অক্টোবর, ২০২২ / ২৭ আশ্বিন, ১৪২৯

......................................................

**বিষয় ঃ কর্মকর্তা/কর্মচারীগণের গ্রুপ বীমা করণের নিমিত্ত রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহ্বান প্রসঙ্গে।**

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় অত্র পবিসের ২৮০ জন কর্মকর্তা/কর্মচারীর গ্রুপ বীমা করার নিমিত্ত (কার্যাদেশের সময় সংখ্যা কম/বেশি হতে পারে) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটারহেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | বীমার পরিমাণ | বীমাভুক্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|
| | | | একক প্রিমিয়াম (প্রতি হাজার) | মোট প্রিমিয়াম |
| ০১ | গ্রুপ সাময়িক জীবন বীমা ঃ<br><br>বীমা অংক হবে প্রত্যেক কর্মকর্তা এবং কর্মচারীর ২৪ মাসের মূল বেতনের সমপরিমাণ অথবা সর্বোচ্চ ৫ লক্ষ টাকা এর মধ্যে যা কম।<br><br>বীমা প্রিমিয়ামের হার প্রদানের ক্যাটাগরি<br>১) বেসিক বা মৃত্যু ঝুকি (GT)<br>২) দুর্ঘটনা মৃত্যু ঝুকি (ADB)<br>৩) স্থায়ী আংশিক অক্ষমতা ঝুকি (PPD)<br>৪) স্থায়ী সম্পূর্ণ অক্ষমতা ঝুকি (PTD) | মোট কর্মকর্তা/কর্মচারী:<br>২৮০ জন<br><br>মোট বীমা অংক:<br>১৩,৯৫,০০,০০০.০০<br>(তেরো কোটি পঁচানব্বই লক্ষ টাকা) | | |
| | | | মোট= | |

কথায়:

শর্তাবলীঃ-

০১। দরপত্র আগামী ২০/১০/২০২২ খ্রি. তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত খামে (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দ. অ.) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা অথবা (খ) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। একই দিন ১২:০৫ ঘটিকায় পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দ. অ.) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এবং চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তরে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দাখিলকৃত দরপত্র সমূহ খোলা হবে।

০২। দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত নিবন্ধনের/প্রমাণকের অনুলিপি দরপত্রের সাথে দাখিল করতে হবে এবং স্টক এক্সচেঞ্জ (শেয়ার মার্কেট) এ A ক্যাটাগরি হিসেবে তালিকাভুক্তির প্রমাণক দিতে হবে। এক্ষেত্রে যে সকল বীমা কোম্পানী সর্বশেষ তিন বছর লভ্যাংশ ঘোষণা করেছে, সে সকল বীমা কোম্পানিই দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন (প্রমাণক সংযুক্ত করতে হবে) তাছাড়া যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে গ্রুপ বীমা চুক্তি এবং সফলভাবে চুক্তি সমপানান্তে বীমা দাবী পরিশোধ অথবা প্রফিট কমিশন পরিশোধের প্রমাণক সংযুক্ত করতে হবে। দরপত্র মূল্যায়ণের ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা বিশেষভাবে বিবেচনা করা হবে।

০৩। গ্রুপ জীবন বীমায় স্বাভাবিক মৃত্যুতে বীমাকৃত পরিমাণ, দুর্ঘটনায় মৃত্যুতে দ্বিগুণ ক্ষতিপূরণ বীমা (ADB), স্থায়ী সম্পূর্ণ অক্ষমতা বা অঙ্গহানী বীমা (PTD), দুর্ঘটনাজনিত কারণে স্থায়ী আংশিক অক্ষমতা বা অঙ্গহানী বীমা (PPD) অন্তর্ভুক্ত থাকতে হবে। এছাড়া মহামারী/অতিমারী ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ কর্মকর্তা/কর্মচারী বীমা অন্তর্ভুক্ত থাকতে হবে।

০৪। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, ব্যাংক সলভেন্সি ও আয়কর সনদ এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
০৫। অগ্রহী বীমা কোম্পানীকে অবশ্যই স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত হতে হবে।
০৬। দরপত্র সঠিকভাবে পূরণ করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
০৭। স্পষ্টভাবে বীমা প্রিমিয়ামের হার দরপত্রে উল্লেখ করতে হবে।
০৮। গ্রুপ চুক্তির আওতায় সকল সুযোগ সুবিধা বিস্তারিত উল্লেখ করতে হবে।
০৯। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে **"গ্রুপ বীমা প্রিমিয়ামের দরপত্র"** কথাটি উল্লেখ করতে হবে।
১০। বীমা চুক্তি আগামী ০৩ (তিন) বছরের জন্য করা হবে। তবে সন্তোষজনক কর্মসম্পাদন সাপেক্ষে প্রতি বছর চুক্তি নবায়ন পূর্বক বছর ভিত্তিক বীমার প্রিমিয়াম পরিশোধ করা হবে।
১১। সর্বনিম্ন এবং রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করে প্রিমিয়াম বাবদ অর্থ প্রাপকের খাতে প্রদেয় চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। বিল হতে সরকারি নিয়ম অনুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
১২। দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই বীমা অধিদপ্তরের লাইসেন্স প্রাপ্ত হতে হবে এবং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে প্রদান করতে হবে।
১৩। বীমা চুক্তির মেয়াদে কর্মকর্তা/কর্মচারীদের মৃত্যুতে/দুর্ঘটনা জনিত কারণে অঙ্গহানীতে দ্রুত বীমা দাবী পরিশোধ করতে হবে।
১৪। বীমাকৃত কোন কর্মকর্তা/কর্মচারী অন্য পবিসে বদলি হলেও বীমা কার্যকর থাকবে।
১৫। বীমা চুক্তির মেয়াদে নতুন কর্মকর্তা/কর্মচারীদের বীমাভুক্ত করার সুযোগ থাকতে হবে।
১৬। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে বীমা চুক্তি সম্পাদন করতে হবে।
১৭। কার্যাদেশ প্রদানের সময় বীমাভুক্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা এবং মোট বীমা অঙ্ক কম/বেশি হতে পারে।
১৮। চট্টগ্রাম পবিস-৩ কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোন/সকল দরপ্রস্তাব গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
১৯। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নেই, এরূপ যে কোন বিষয়ে সমিতি/পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে বহুল প্রচারের সদয় অনুরোধসহ)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য. প. (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার---------------------পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, চট্টগ্রাম।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সীতাকুন্ড/মীরসরাই/হাটহাজারী, চট্টগ্রাম।
০৯। ডিজিএম (সদর-কারিগরী)/মীরসরাই জোনাল অফিস।
১০। এজিএম (অর্থ/ওএন্ডএম)।
১১। এজিএম,আইটি (ওয়েবসাইট ও বাপবিবোর্ডে প্রেরণ নিশ্চিত করে প্রমাণক সংরক্ষণ করবেন)।
১২। নোটিশ বোর্ড/অফিস কপি।

(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার